

# প্রসব পরবর্তী অতিরিক্ত

## রক্তক্ষরণজনিত



## মাতৃমৃত্যু

### প্রতিরোধ করতে করণীয়

২



যদি বাচ্চা ও গর্ভফুল একসাথে প্রসব হয় তাহলেও প্রসবের ৫ থেকে ১০ মিনিটের মধ্যে ২টি মিসোপ্রোস্টোল ট্যাবলেট একসাথে প্রসূতিকে খাওয়াতে হবে।

৪



অথবা প্রসূতির কাঁপুনি হলে কম্বল, কাঁথা বা চাদর দিয়ে গা ঢেকে দিতে হবে এবং হালকা গরম চা/দুধ/পানি খাওয়াতে হবে।

৬



.....একটু দেরি না করে সবচেয়ে কাছের স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যেতে হবে।

১



শিশু জন্মের পর গর্ভে আর বাচ্চা নেই নিশ্চিত হয়ে এবং গর্ভফুল বের হোক বা না হোক প্রসবের ৫ থেকে ১০ মিনিটের মধ্যে ২টি মিসোপ্রোস্টোল ট্যাবলেট একসাথে প্রসূতিকে খাওয়াতে হবে।

৩



মিসোপ্রোস্টোল ট্যাবলেট খাওয়ার পর প্রসূতির জ্বর হলে পরিষ্কার, ভেজা ও ঠান্ডা কাপড় দিয়ে গা মুছে দিতে হবে এবং বেশী জ্বর হলে প্যারাসিটামল দিতে হবে

৫



মিসোপ্রোস্টোল ট্যাবলেট খাওয়ার পরও যদি প্রসূতির অতিরিক্ত রক্তক্ষরণ হতে থাকে... তবে...



সাবধান! কোনো অবস্থাতেই গর্ভকালীন সময়ে বা বাচ্চা প্রসবের পূর্বে মিসোপ্রোস্টোল ট্যাবলেট খাওয়া যাবে না।



# প্রসব পরবর্তী অতিরিক্ত রক্তক্ষরণজনিত মাতৃমৃত্যু প্রতিরোধে স্বাস্থ্যকেন্দ্রে বাচ্চা প্রসব হওয়াই সবচেয়ে নিরাপদ

- ▶ প্রসব পরবর্তী অতিরিক্ত রক্তক্ষরণ মাতৃমৃত্যুর অন্যতম প্রধান কারণ এবং এই সকল মায়ের মৃত্যু বেশির ভাগ ক্ষেত্রেই প্রতিরোধ করা যায়।
- ▶ প্রসব পরবর্তী অতিরিক্ত রক্তক্ষরণজনিত মাতৃমৃত্যু প্রতিরোধে স্বাস্থ্যকেন্দ্রে বাচ্চা প্রসব হওয়াই সবচেয়ে নিরাপদ, যেখানে ইনজেকশন অক্সিটোসিন কার্যকরী ভূমিকা রাখে।
- ▶ যদি বাড়িতে বাচ্চা প্রসব হয়, সেক্ষেত্রে প্রসব পরবর্তী অতিরিক্ত রক্তক্ষরণ প্রতিরোধে ইনজেকশন অক্সিটোসিন-এর বিকল্প ঔষধ হিসাবে মিসোপ্রোস্টোল ট্যাবলেট খুবই কার্যকরী।

- ▶ গর্ভবতী মাকে দেখে আগে থেকেই অনুমান করা সম্ভব নয় যে, কোন মায়ের প্রসব পরবর্তী অতিরিক্ত রক্তক্ষরণ হবে।
- ▶ এজন্য বাড়িতে স্বাভাবিক প্রসবের পর গর্ভে আর কোন বাচ্চা নেই নিশ্চিত হয়ে এবং গর্ভফুল বের হোক বা না হোক প্রসবের ৫ থেকে ১০ মিনিটের মধ্যে সকল প্রসূতি মাকে ২টি মিসোপ্রোস্টোল ট্যাবলেট একসাথে খাওয়াতে হবে।
- ▶ জমজ বা বহু বাচ্চার ক্ষেত্রে সকল বাচ্চা প্রসবের পর গর্ভে আর কোন বাচ্চা নেই নিশ্চিত হয়ে এবং গর্ভফুল বের হোক বা না হোক শেষ বাচ্চা প্রসবের ৫ থেকে ১০ মিনিটের মধ্যে ২টি মিসোপ্রোস্টোল ট্যাবলেট একসাথে প্রসূতিকে খাওয়াতে হবে।
- ▶ যদি বাচ্চা ও গর্ভফুল একসাথে প্রসব হয় তাহলেও প্রসবের ৫ থেকে ১০ মিনিটের মধ্যে ২টি মিসোপ্রোস্টোল ট্যাবলেট একসাথে প্রসূতিকে খাওয়াতে হবে।

- ▶ মিসোপ্রোস্টোল খাওয়ার পরে কারো কারোর ডায়রিয়া হতে পারে এবং অল্প সময়ের জন্য কাঁপুনিসহ জ্বর হতে পারে। সাধারণতঃ এসব সমস্যা কোন চিকিৎসা ছাড়া ভাল হয়ে যায়।
- ▶ যদি মিসোপ্রোস্টোল খাওয়ার পরও অতিরিক্ত রক্তক্ষরণ হতে থাকে তাহলে মাকে তাড়াতাড়ি সবচেয়ে কাছের হাসপাতালে/স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে যেতে হবে।

- ▶ কোনো অবস্থাতেই গর্ভকালীন সময়ে (বাচ্চা প্রসবের পূর্বে) মিসোপ্রোস্টোল ট্যাবলেট খাওয়া যাবে না।
- ▶ বাচ্চা পেটে থাকা অবস্থায় এ ট্যাবলেট খেলে মা ও বাচ্চা দু'জনেরই ক্ষতি হতে পারে।



মায়ের হাসি প্রজেক্ট



ইউএসএআইডি'র আর্থিক সহায়তায় প্রকাশিত।

এখানে প্রকাশিত মতামতের সাথে ইউএসএআইডি'র মতের মিল নাও থাকতে পারে।



EngenderHealth  
for a better life